

## ■■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৫৭১১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৬১৪১]

৬৫/ আচার ব্যবহার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৫২১. মেহমানকে মেজবানের (এ কথা) বলা যে, যতক্ষণ পর্যন্ত আপনি না খান ততক্ষণ আমিও খাব না। এ সম্পর্কে নবী (সাঃ) থেকে আবু জুহায়ফার হাদীস রয়েছে

باب قَوْلِ الضَّيْفِ لِصَاحِبِهِ لاَ آكُلُ حَتَّى تَأْكُلَ فِيهِ حَدِيثُ أَبِي جُحَيْفَةَ عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

## আরবী

حَدَّثَنِي مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، حَدَّثَنَا ابْنُ أَبِي عَدِيّ، عَنْ سُلَيْمَانَ، عَنْ أَبِي عُثْمَانَ، قَالَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ أَبِي بَكْرٍ وضى الله عنهما جَاءَ قَالَتْ أُمِّي احْتَبَسْتَ عَنْ ضَيْفِكَ \_ أَقْ أَصْيَافِكَ عِنْدَ النَّبِيّ صلى الله عليه وسلم فَلَمَّا جَاءَ قَالَتْ أُمِّي احْتَبَسْتَ عَنْ ضَيْفِكَ \_ أَقْ أَصْيَافِكَ وَاللَّيْلَةَ. قَالَ مَا عَشَيْتِهِمْ فَقَالَتْ عَرَضْنَا عَلَيْهِ \_ أَقْ عَلَيْهِمْ فَأَبُواْ أَقْ \_ فَأَبُى، فَغَضِبَ أَبُو بَكْرٍ فَسَبَّ وَجَدَّعَ وَحَلَفَ لاَ يَطْعَمُهُ، فَاخْتَبَأْتُ أَنَا فَقَالَ يَا غُنْثَرُ. فَحَلَفَت الْمَرْأَةُ لاَ تَطْعَمُهُ وَسَلَى عَرْضَنَا عَلَيْهِ \_ أَنْ لاَ يَطْعَمُهُ أَقْ يَطْعَمُوهُ حَتَّى يَطْعَمُهُ وَتَى يَطْعَمُهُ وَعَلَى الشَيْطُولَ لاَ يَرْفَعُونَ لُقُمَةً حَتَّى يَطْعَمُهُ أَقْ يَطْعَمُوهُ وَتَى يَطْعَمُهُ أَقْ فَقَالَ لَكِ الطَّعَلُو الْاَعْمَلُوا لاَ يَرْفَعُونَ لُقُمَةً وَقَالَ أَبُو بَكْرٍ كَأَنَّ هَذِهِ مِنَ الشَّيْطَانِ فَدَعَا بِالطَّعَامِ فَأَكَلَ وَأَكَلُوا فَجَعَلُوا لاَ يَرْفَعُونَ لُقُمَةً وَقَالَ أَبُو بَكْرٍ كَأَنَّ هَذِهِ مِنَ الشَيْطَانِ فَدَعَا بِالطَّعَامِ فَأَكَلَ وَأَكُلُوا فَجَعَلُوا لاَ يَرْفَعُونَ لُقُمَةً لاَ لَا مِنْ أَسْفَلِهَا أَكْثُو مِنْهَا، فَقَالَ يَا أُخْتَ بَنِي فِرَاسٍ مَا هَذَا فَقَالَتُ وَقُرَّةٍ عَيْنِي إِنَّهَا الْآنَ لاَكُولُ وَلَكُولُ وَلَاكُوا فَكَولُ وَلَاكُوا فَيَعَنَ لِلْهُ اللّهُ عَلْهُ وسلم فَذَكَرَ أَنَّهُ أَكَلَ وَلَا لاَ نَرْنَا مُنْ نَأْكُلُ وَا فَكُولُ وَالَهُ عَلَى اللّه عليه وسلم فَذَكَرَ أَنَّهُ أَكَلَ مِنْهًا.

## বাংলা

৫৭১১। মুহাম্মদ ইবনু মুসান্না (রহঃ) ... আবদুর রহমান ইবনু আবৃ বকর (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ একবার আবৃ বকর (রাঃ) তার একজন কিংবা কয়েকজন মেহমান নিয়ে এলেন এবং সন্ধ্যার সময় নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর কাছে গেলেন। তিনি ফিরে এলে আমার আম্মা তাকে বললেনঃ আপনি মেহমানকে, কিংবা বললেন, মেহমানদের (ঘরে) রেখে (এতো) রাত কোথায় আটকা পড়েছিলেন? তিনি তাঁকে জিজ্ঞাসা করলেঃ তুমি কি তাদের খাবার দাওনি? তিনি বললেনঃ আমি তাদের সামনে খাবার দিয়েছিলাম কিন্তু তারা, বা সে তা খেতে অস্বীকার করলেন। তখন আবৃ বকর (রাঃ) রেগে গাল মন্দ বললেন ও বদ দু'আ করলেন। আর শপথ



করলেন যে, তিনি খাবার খাবেন না। আমি লুকিয়ে ছিলাম। তিনি আমাকে ডেকে বললেন ওরে মূর্খ! তখন মহিলা (আমার আম্মা) ও কসম করলেন যে, যতক্ষণ পর্যন্ত তিনি না খাবেন ততক্ষন আম্মাও খাবেন না।

এদিকে মেহমানটি বা মেহমানরাও কসম খেয়ে বসলেন যে, যতক্ষন তিনি না খান, ততক্ষন পর্যন্ত তারাও খাবেন না। তখন আবৃ বকর (রাঃ) বললেনঃ এ ঘটনা সংঘটিত হয়েছে শয়তান থেকে। তারপর তিনি খাবার আনতে বললেন। আর তিনি খেলেন এবং মেহমানরাও খেলেন। কিন্তু তারা খাওয়া আরম্ভ করে যতবারই লুকমা উঠাতে লাগলেন, তার নীচে থেকে তার চেয়েও বেশী খাবার বৃদ্ধি পেতে লাগলো। তখন তিনি তার স্ত্রীকে ডেকে বললেন হে বনী ফেরাসের বোন এ কি? তিনি বললেন আমার চোখের প্রশান্তির কসম! এতো আমাদের পূর্বের খাবার থেকে এখন অনেক বেশী দেখছি। তখন সবাই খেলেন এবং তা থেকে তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর খেদমতে কিছু পাঠিয়ে দিলেন। তারপর তিনি বর্ণনা করেন যে, তা থেকে তিনিও খেয়েছিলেন।

## **English**

Narrated `Abdur-Rahman bin Abu Bakr:

Abu Bakr came with a guest or some guests, but he stayed late at night with the Prophet (ﷺ) and when he came, my mother said (to him), "Have you been detained from your guest or guests tonight?" He said, "Haven't you served the supper to them?" She replied, "We presented the meal to him (or to them), but he (or they) refused to eat." Abu Bakr became angry, rebuked me and invoked Allah to cause (my) ears to be cut and swore not to eat of it!" I hid myself, and he called me, "O ignorant (boy)!" Abu Bakr's wife swore that she would not eat of it and so the guests or the guest swore that they would not eat of it till he ate of it. Abu Bakr said, "All that happened was from Satan." So he asked for the meals and ate of it, and so did they. Whenever they took a handful of the meal, the meal grew (increased) from underneath more than that mouthful. He said (to his wife), "O, sister of Bani Firas! What is this?" She said, "O, pleasure of my eyes! The meal is now more than it had been before we started eating" So they ate of it and sent the rest of that meal to the Prophet. It is said that the Prophet (ﷺ) also ate of it.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আবু বাকর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন